গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১২৪.২৩.১৪৭.২০.২৪০

তারিখ: ০২ চৈত্র ১৪৩২ / ১৬ মার্চ ২০২৬

বিষয়: '২৫ মার্চ গণহত্যা দিবস' ২০২৬ পালন এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস' ২০২৬ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৬ উদ্‌যাপন উপলক্ষে সংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার করণীয় নির্ধারণে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মো: মফিদুর রহমানের সভাপতিত্বে একটি সভা গত ১১ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতির ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: সভার স্বাক্ষরিত কার্যবিবরণী।

১৬/৩/২০২৬

(আজম উদ্দীন তালুকদার)
সিনিয়র সহকারী সচিব
০২-৫৫১০০৬৬৮
event.section@moca.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা;
২. অতিরিক্ত সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর/ আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর/ গণগ্রন্থাগার অধিদপ্তর/ বাংলা একাডেমি/বাংলাদেশ শিল্পকলা একাডেমি/ বাংলাদেশ জাতীয় জাদুঘর;
৪. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট, বর্ধমান হাউজ, বাংলা একাডেমি, ঢাকা;
৫. রেজিস্ট্রার অফ কপিরাইটস্, বাংলাদেশ কপিরাইট অফিস;
৬. যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. সচিব, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা;
৮. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা;
৯. পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ;
১০. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা;
১১. পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার;
১২. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি;
১৩. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান;
১৪. উপপরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি;
১৫. উপপরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী;
১৬. উপপরিচালক, মণিপুরী ললিতকলা একাডেমি, মৌলভীবাজার;

অনুলিপি জ্ঞাতার্থে এবং কার্যার্থে:

১. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
২. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ( ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৩. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.moca.gov.bd)

**'২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৬' উদ্‌যাপন উপলক্ষ্যে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: মফিদুর রহমান |
| | : | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ১১ মার্চ ২০২৬ সকাল: ১১.৩০টা |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ (ভবন নং-৬, ১১ তলা, কক্ষ ১০১৭) |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, প্রতি বছরের ন্যায় এ বছরও যথাযোগ্য মর্যাদায় '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৬' উদ্‌যাপন করা হবে। অতঃপর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (অনুষ্ঠান) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

২.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে দিবস দুটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের বিষয়ে নিম্নবর্ণিত কর্মসূচি সর্বসম্মতিক্রমে প্রণয়ন করা হয়:

**'২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে কর্মসূচি:**

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.১ | ২০-২৫ মার্চ ২০২৬ (সুবিধাজনক দিন/সময়ে) | ২৫ মার্চ গণহত্যা ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভা। | সকল দপ্তর/সংস্থা। |
| ২.২ | ২৫ মার্চ ২০২৬ | গণহত্যার ওপর বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনী। | বাংলাদেশ জাতীয় জাদুঘর। |
| ২.৩ | ২৫ মার্চ ২০২৬ | বাদ জোহর/সুবিধাজনক সময়ে ২৫ মার্চ রাতে নিহতদের স্মরণে বিশেষ মোনাজাত/প্রার্থনা। | সকল দপ্তর/সংস্থা। |
| ২.৪ | ২৫ মার্চ ২০২৬ | ২৫-০৩-২০২৬ রাত ১০:৩০ হতে ১০:৩১ পর্যন্ত ০১ (এক) মিনিটের প্রতীকী ব্ল্যাক-আউট (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত)। | সকল দপ্তর/সংস্থা। |
| ২.৫ | ২৫ মার্চ ২০২৬ | কোনো অবস্থাতেই ২৫ মার্চ ২০২৬ রাতে আলোকসজ্জা করা যাবে না। | সকল দপ্তর/সংস্থা। |

**'২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৬' উদ্‌যাপন উপলক্ষ্যে কর্মসূচি:**

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.৬ | ২৬ মার্চ ২০২৬ | পতাকা বিধি অনুযায়ী সকল প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন (ঐ দিন সূর্যোদয়ের সাথে সাথে)। | সকল দপ্তর/সংস্থা। |
| ২.৭ | ২৬ মার্চ ২০২৬ | সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ (সকাল ৯.০০ টায় সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধের প্রধান ফটকে উপস্থিতি)। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন ঢাকাস্থ সকল দপ্তর/সংস্থা। |
| ২.৮ | ২৬ মার্চ ২০২৬ | (ক) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন জাদুঘরসমূহ সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বিনা-টিকিটে জনসাধারণের জন্য উন্মুক্ত রাখা; | বাংলাদেশ জাতীয় জাদুঘর, প্রত্নতত্ত্ব অধিদপ্তর এবং বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও। |

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | (খ) বিনোদনমূলক স্থান শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা-টিকিটে প্রদর্শনের ব্যবস্থা করা; | প্রত্নতত্ত্ব অধিদপ্তর এবং বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও। |
| | | (গ) বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা। | সকল দপ্তর/সংস্থা |
| ২.৯ | ২৬ মার্চ ২০২৬ | রচনা, আবৃত্তি, চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা আয়োজন। | সকল দপ্তর/সংস্থা |
| ২.১০ | ২৬ মার্চ ২০২৬ | জেলা ও উপজেলা পর্যায়ে শিশুদের জন্য মুক্তিযুদ্ধ ভিত্তিক চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি ও গণগ্রন্থাগার অধিদপ্তর। |

৩.০ সভায় উপস্থিত সদস্যগণের সার্বিক আলোচনা ও মতামতের ভিত্তিতে সর্বসম্মতিক্রমে '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে ক্রমিক ২.১ থেকে ২.৫ পর্যন্ত এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৬' উদ্‌যাপন উপলক্ষ্যে ক্রমিক ২.৬ থেকে ২.১০ পর্যন্ত বর্ণিত কর্মসূচিসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। দপ্তর/সংস্থাসমূহ তাদের গৃহীত কর্মসূচি সম্পর্কে মন্ত্রণালয়কে আবশ্যিকভাবে অবহিত করবে।

৪.০ সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করে এবং উপস্থিত ও ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২/৩/২৬

মো: মফিদুর রহমান
সচিব